

নথি নং- ৪৫.০২.০০০০.০০১.১৪.০২৫.২৩-১৭৬৭


তারিখঃ ২৮/০৮/২৩

এইচইডি'র ঠিকাদার তালিকাভুক্তি নবায়ন বিজ্ঞপ্তি

- ১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর অস্থায়ীভাবে তালিকাভুক্ত ঠিকাপ্রতিষ্ঠানসমূহের মালিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের তালিকাভুক্তি নবায়নের সর্বশেষ তারিখ ৩১/১২/২০২৩ খ্রিঃ নির্ধারণ করা হয়েছে। উক্ত তারিখের পর ১০০০.০০ (এক হাজার) টাকা জরিমানা এবং জরিমানার উপর ১৫% হারে ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) ভ্যাট দিয়ে নবায়ন করা যাবে। নিম্নের ছক অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে নির্ধারিত হারে ট্রেজারী চালানোর মাধ্যমে টাকা জমা করে ট্রেজারী চালানোর মূল কপি স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের যে কোন নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে জমা করে নবায়ন করতে হবে।

বিবরণ	টাকার পরিমাণ	কোড নং	ব্যাংকের নাম
নবায়ন ফি	২০০০/- (দুই হাজার) টাকা	১২৭০৫০১-১১৬৫১৮-১৪২২৩৩৫	জেলা শহরের সোনালী ব্যাংক অথবা বাংলাদেশ ব্যাংকের যে কোন শাখা।
নবায়নের উপর ১৫% হারে ভ্যাট	৩০০/- (তিনশত) টাকা	১-১১৩৩-০০১০-০৩১১ নতুন (১১৪১১০১)	জেলা শহরের সোনালী ব্যাংক অথবা বাংলাদেশ ব্যাংকের যে কোন শাখা।
জরিমানা বাবদ (প্রযোজ্য ক্ষেত্রে)।	১০০০/- (এক হাজার) টাকা	১-২৭১৭-০০০০-২৬৮১ নতুন (১৪৪১২৯৯)	জেলা শহরের সোনালী ব্যাংক অথবা বাংলাদেশ ব্যাংকের যে কোন শাখা।
জরিমানার উপর ১৫% হারে ভ্যাট	১৫০/- (একশত পঞ্চাশ) টাকা	১-১১৩৩-০০১০-০৩১১ নতুন (১১৪১১০১)	জেলা শহরের সোনালী ব্যাংক অথবা বাংলাদেশ ব্যাংকের যে কোন শাখা।

- ২। তালিকাভুক্তি নবায়নের জন্য ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের নবায়নকৃত ট্রেড লাইসেন্স প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ৩। যে সকল ঠিকাপ্রতিষ্ঠান ইতিপূর্বে নবায়ন ফি জমা দিতে ব্যর্থ হয়েছেন তারা নিয়মিত নবায়ন ফি এর অতিরিক্ত ট্রেজারী চালানোর মাধ্যমে ১০০০/- (এক হাজার) টাকা হারে জরিমানাসহ উপরোক্ত ছকে বর্ণিত কোড নম্বরে জমা দিতে পারবেন। ট্রেজারী চালানোর মাধ্যমে প্রতি অর্থ বছরের জন্য ১০০০/- (এক হাজার) টাকা হারে জরিমানা এবং জরিমানার উপর ভ্যাট বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) সহ পর পর তিন অর্থ বছর নবায়ন করতে পারবেন। যদি কেহ পর পর তিন অর্থ বছর পর্যন্ত নবায়ন ফি জমা দিতে ব্যর্থ হন তবে তার তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে।
- ৪। তালিকাভুক্তি নবায়নের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।
- ৫। ইহা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।


(প্রকৌঃ মোঃ আনোয়ার হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ)
এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

বিতরণ :

- কার্যক্রমঃ ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) এইচইডি,
..... সার্কেল।
২। নির্বাহী প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। নির্বাহী প্রকৌশলী (সকল), এইচইডি,
..... বিভাগ।

বিজ্ঞপ্তিটি আপনার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।